



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং : ৭জি/৫৫(ক-৩)/০৭/৫৭৫/০

তারিখ: ০৬/১২/২০২০খ্রি.

বিষয় : ব্যাখ্যা ও মতামত প্রদান সংক্রান্ত।

সূত্র : ১। দুদক এর স্মারক নং- ০০.০১.০০০০.৫০৩.২৬.৪১৬.২২-৩৮৯৪৪ তারিখ : ২৫/১০/২০২২খ্রি.
২। তদন্ত কর্মকর্তার স্মারক নং-মাউশি/আ:/পরি:/কা:/চট্ট:/২০২৩; তারিখ: ০৪/০৪/২০২৩খ্রি.


উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, খাগড়াছড়ি জেলার মহালছড়ি উপজেলাধীন মহালছড়ি কলেজ এর ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব ফরিদুল আলম চৌধুরীর বিরুদ্ধে অনিয়ম, দুর্নীতি, ক্ষমতার অপব্যবহার, চরিত্রহীনতা ও প্রতারণার বিষয়ে শিক্ষক কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ মহালছড়ি কলেজ, খাগড়াছড়ি পার্বত্য জেলা থেকে দুদক বরাবর অভিযোগ করেন। প্রাপ্ত অভিযোগগুলো ব্যবস্থা গ্রহণের জন্য দুদক হতে অনুরোধ করা হয়। বর্ণিত বিষয়ে স্মারক নং-৭জি/৫৫(ক-৩)/০৭/৪৩১৪/৫; তারিখ: ২৮/১১/২০২২খ্রি. মোতাবেক তদন্ত কর্মকর্তা মনোনয়ন করা হয়। তদন্ত কর্মকর্তা মতামত প্রদান করেন।

তদন্তের ফলাফল:

মহালছড়ি সরকারি কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ মোহাম্মদ ফরিদুল আলম চৌধুরীর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ তদন্ত শেষে যে বিষয়গুলো সুস্পষ্ট হয়েছে তা হলো

১. ভারপ্রাপ্ত অধ্যক্ষ দুইজন সিনিয়র কর্মকর্তাকে ডিঙিয়ে নয়, গভর্নিংবডির সিদ্ধান্তক্রমেই দায়িত্বপ্রাপ্ত হয়েছেন।
২. প্রতিষ্ঠাকালীন সিনিয়র শিক্ষক জনাব তুষার কান্তি দাশ এর বিদায় উপলক্ষে প্রত্যেক শিক্ষক থেকে ৮০০/- টাকা এবং শিক্ষার্থীদের থেকে জনপ্রতি ২০০/- হারে সংগৃহীত টাকার মধ্যে ১৭৬৩০/- টাকা খাগড়াছড়ি জেলা প্রশাসকের এল আর ফাউন্ডে বিভিন্ন পুরস্কার প্রদান আনায়ন বাবত জ্বালানী খরচ হিসেবে এবং ৩৪,০০০/- টাকা কলেজ আলমিরাতে রক্ষিত আছে মর্মে অধ্যক্ষ লিখিতভাবে উল্লেখ করেন।
৩. মহালছড়ি কলেজের শিক্ষক ডরমেটরী হিসেবে ব্যবহৃত দুটি টিনশেড ভবন যা মহালছড়ি গণগ্রন্থাগার ও শিশু ও মানসিক বিকাশ কেন্দ্র হিসেবে নির্মিত হয়েছিল। কলেজ প্রতিষ্ঠার শুরুর দিকে এই দুই ভবনেই শ্রেণি কার্যক্রম শুরু হয়। পরে বর্তমান জায়গায় কলেজ স্থানান্তরিত হলে কক্ষ দুটিকে শিক্ষকগণ ডরমেটরী হিসেবে ব্যবহার করতে থাকে। টিনশেড ভবন দুটি বর্তমানে উপজেলা প্রশাসনের তত্ত্বাবধানে রয়েছে।

এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে তদন্ত প্রতিবেদনের উপরোল্লিখিত বিষয়ে ০৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে ব্যাখ্যা/মতামত প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(তপন কুমার দাস)
সহকারী পরিচালক (কলেজ-৩)
ফোন নং ৯৫৫৬০৫৭

বিতরণ :

- ০১। সভাপতি, পরিচালনা পরিষদ, মহালছড়ি কলেজ, মহালছড়ি, খাগড়াছড়ি (মতামত প্রদানের অনুরোধসহ)।
- ০২। অধ্যক্ষ, মহালছড়ি কলেজ, মহালছড়ি, খাগড়াছড়ি (ব্যাখ্যা প্রদানের অনুরোধসহ)।

অনুলিপি : সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

- ০১। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম।
- ০২। জেলা শিক্ষা অফিসার, খাগড়াছড়ি (পত্রটি সংশ্লিষ্ট ব্যক্তি/প্রতিষ্ঠানে পৌঁছানোর অনুরোধসহ)।
- ০৩। উপজেলা শিক্ষা অফিসার, মহালছড়ি, খাগড়াছড়ি (পত্রটি সংশ্লিষ্ট ব্যক্তি/প্রতিষ্ঠানে পৌঁছানোর অনুরোধসহ)।
- ০৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট ই.এম.আই.এস.সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা। (মাউশি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ০৫। সংরক্ষণ নথি।